

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭১৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

আরবী

وَعَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عَلَيْهِ وَسلم: «من أَشْرَاطِ السَّاعَةِ أَنْ يَتَبَاهَى النَّاسُ فِي الْمَسَاجِدِ» . رَوَاهُ أَبُو دَاؤُدَ وَالنَّسَائِيُّ وَالدَّارِمِيُّ وَابْنُ مَاجَهُ

বাংলা

৭১৯-[৩১] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের (কিয়ামতের) আলামতসমূহের একটি হচ্ছে মানুষেরা মাসজিদ নিয়ে পরস্পর গর্ব করবে। (আবূ দাউদ, নাসায়ী, দারিমী ও ইবনু মাজাহ্)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৪৪৯, নাসায়ী ৬৮৯, দারিমী ১৪০৮, ইবনু মাজাহ্ ৭৩৯, সহীহ আল জামি' ৫৮৯৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মাসজিদকে নিয়ে গর্ব অহংকার করার তাৎপর্য প্রত্যেক ব্যক্তি তার নিজের মাসজিদ নিয়ে গর্ব করে আর বলে, আমার মাসজিদ সবচেয়ে উঁচু, সৌন্দর্যময়, প্রশন্ত, চাকচিক্যময় ইত্যাদি। মানুষকে দেখানো, শুনানো ও প্রশংসা পাওয়ার উদ্দেশে।

আবৃ দাউদ এবং দারিমীতে এ শব্দ বর্ণিত হয়েছে- لَا تَقُوْمُ السَّاعَةُ حَتَى يَتَبَاهَى النَّاسُ فِي الْمَسَاجِدِ

অর্থাৎ- কিয়ামাত (কিয়ামত) ততদিন পর্যন্ত সংঘটিত হবে না যতদিন পর্যন্ত মানুষ মাসজিদ নিয়ে পরস্পর গর্ব না
করবে।

ইবনু খুযায়মার সহীহ গ্রন্থে এ শব্দ রয়েছে।

ياتى على الناس زمان يتبا هون بالمسجر ثم لا يعمرو نها الا قليلا



অর্থাৎ- মানুষের মাঝে এমন একটি সময় আসবে তারা মাসজিদ নিয়ে পরস্পর গর্ব করবে, কিন্তু তারা খুব কম সংখ্যকই মাসজিদ আবাদ করবে।

হাদীসের ভাবার্থের সত্যতা চলমান সময়ে পরিলক্ষিত হচ্ছে আর এটা যে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুস্পষ্ট মু'জিয়া তা' প্রমাণিত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন